



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৫৩৪


তারিখ

৩০ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
১৪ নভেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬১৫ তম কমিশন সভা অদ্য ১৪/১১/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অদ্যকার সভায় কমিশন Queen South Textile Mills Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১.৫০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৫.০০ (পনের) কোটি টাকা পুঁজি উত্তোলন করে স্বয়ংক্রিয় ওয়ারহাউজ নির্মাণ, মেশিনারীজ ক্রয় ও কারখানা আধুনিকায়ন, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর ২০১৬ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী নীট সম্পত্তি মূল্য (NAV) টাকা ১৬.২০ এবং ভারিত গড় (weighted average) হিসেবে শেয়ার প্রতি আয় (EPS) টাকা ১.৪২। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Alpha Capital Management Limited।
২. Pubali Bank Limited এর ৫০০ কোটি টাকার Non-Convertible Subordinated Floating Rate Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ (সাত) বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট সংস্থা, ফান্ডস, ইস্যুরেন্স কোম্পানীসমূহ ইত্যাদি এবং যে কোন যোগ্য বিনিয়োগকারীগণ প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে উত্তোলিত অর্থ Tire II Capital Base এর শর্ত পূরণ করবে। বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫ (পাঁচ) কোটি টাকা। এই বন্ডের Trustee হিসাবে Green Delta Insurance Company Limited দায়িত্ব পালন করছে।

  
২৪/১১/২০১৭  
মো: সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।